

## **া** সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৭৮

১/ পবিত্রতা ( ﷺ আ رسول الله) পরিচ্ছেদঃ নিদ্রার কারণে উযু।

# باب مَا جَاءَ فِي الْوُضُوءِ مِنَ النَّوْمِ

#### আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ، حَدَّثَنَا يَحْيَى بْنُ سَعِيدٍ، عَنْ شُعْبَةً، عَنْ قَتَادَةَ، عَنْ أَنسِ بْنِ مَالِكِ، قَالَ كَانَ أَصْحَابُ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم يَنَامُونَ ثُمَّ يَقُومُونَ فَيُصَلُّونَ وَلاَ يَتَوَضَّتُونَ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . قَالَ وَسَمِعْتُ صَالِحَ بْنَ عَبْدِ اللَّهِ يَقُولُ سَأَلْتُ عَبْدَ اللَّهِ بْنَ الْمُبَارِكِ عَمَّنْ نَامَ قَاعِدًا مُعْتَمِدًا فَقَالَ لاَ وُضُوءَ عَلَيْهِ . قَالَ أَبُو عِيسَى وَقَدْ رَوَى حَدِيثَ ابْنِ عَبَّاسٍ سَعِيدُ بْنُ أَبِي عَرُوبَةَ عَنْ قَتَادَةَ عَنِ ابْنِ عَبَّاسٍ أَبُو عِيسَى وَقَدْ رَوَى حَدِيثَ ابْنِ عَبَّاسٍ سَعِيدُ بْنُ أَبِي عَرُوبَةَ عَنْ قَتَادَةَ عَنِ ابْنِ عَبَّاسٍ قَوْلُهُ وَلَمُ يَدْكُرْ فِيهِ أَبَا الْعَالِيَةِ وَلَمْ يَرْفَعْهُ . وَاخْتَلُفَ الْعُلَمَاءُ فِي الْوُضُوءِ مِنَ النَّوْمِ فَرَأًى قَوْلُ أَنْ لاَ يَجِبَ عَلَيْهِ الْوُضُوءُ إِذَا نَامَ قَاعِدًا أَوْ قَائِمًا حَتَّى يَنَامَ مُضْطُجِعًا . وَبِهِ يَقُولُ الثَّوْرِيُّ وَابْنُ الْمُبَارِكِ وَأَحْمَدُ . قَالَ وَقَالَ الشَّافِعِيُّ مَنْ نَامَ قَاعِدًا فَرَأًى رُولِيا أَقْ زَالَتْ عَلَيْهِ الْوُضُوءُ إِذَا نَامَ قَاعِدًا أَنْ لاَ يَجِبَ عَلَيْهِ الْوُضُوءُ إِذَا نَامَ قَاعِدًا أَنْ لاَ يَجِبَ عَلَيْهِ الْوُضُوءُ إِذَا نَامَ قَاعِدًا أَنْ لاَ يَعْضُهُمْ إِذَا نَامَ قَاعِدًا فَرَأًى رُولِيا أَقْ زَالَتْ عَلَيْهِ الْوُضُوءُ وَبِهِ يَقُولُ إِسْحَاقُ . وَقَالَ الشَّافِعِيُّ مَنْ نَامَ قَاعِدًا فَرَأًى رُولِيا أَقْ زَالَتْ مَقَاعِدًا لَوَلَا أَنْ لاَ يَوْمَ فَعَلَيْهِ الْوُضُوءُ وَيَا أَلُوضُوءُ .

#### বাংলা

৭৮. মুহাম্মাদ ইবনু বাশশার (রহঃ) ..... আনাস ইবনু মালিক রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণনা করেন যে, আনাস রাদিয়াল্লাহু আনহু বলেছেনঃ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাহাবীগণ ঘুমিয়ে পড়তেন তারপর উঠে সালাত আদায় করতেন; কিন্তু উযূ (ওজু/অজু/অযু) করতেন না। - ইরওয়া ১১৪, সহিহ আবু দাউদ ১৯৪, মিশকাত ৩১৭, তিরমিজী হাদিস নম্বরঃ ৭৮ [আল মাদানী প্রকাশনী]

ইমাম আবূ ঈসা তিরমিয়ী বলেনঃ এই হাদিসটিকে হাসান সহীহ।সালিহ ইবনু আবদিল্লাকে বলতে শুনেছি, তিনি বলেন বসাবস্থায় ইচ্ছা করে ঘুমিয়ে পড়া সম্পকর্কে ইবনু মুবারকের নিকট আমি জিজ্ঞাসা করেছিলাম। তিনি বলেনঃ তার জন্য উযূ করা জরুরী নয়। সাঈদ ইবনু আবী আরুবা (রহঃ) কাতাদা রাদিয়াল্লাহু আনহু এর সূত্রে ইবনু আব্বাস রাদিয়াল্লাহু আনহু এর উক্তি হিসাবে তাঁর রিওয়ায়াতিট বর্ণনা করেছেন। এর সনদে আবূল আলিয়ার



উল্লেখ করেননি এবং মারফুরূপে তা বর্ননা করেননি। নিদ্রার কারণে উযূ করা সম্পর্কে আলিম ও ফিকহবিদগণের মধ্যে মতভেদ রয়েছে। শুয়ে নিদ্রা না গিয়ে বসে বা দাঁড়িয়ে নিদ্রা গেলে উযূ ওয়াজব হবে না বলে অধিকাংশ ফিকহবিদ অভিমত প্রকাশ করেছেন। ইমাম ছাওরী, ইবনু মুবারাক ও আহমদ (রহঃ) এর অভিমত এ-ই। কেউ কেউ বলেন, নিদ্রার কারণে যদি জ্ঞান ও অনুভূতি আচ্ছন্ন হয়ে যায় তবে উযূ করতে হবে। ইমাম ইসহাকেরও এই অভিমত। ইমাম শাফিঈ (রহঃ) বলেন বসা অবস্থায় ঘুমিয়ে যদি কেউ স্বপ্ন দেখে বা ঘুমের ঘোরে যদি তার বসার স্থান সরে যায় তা হলে উযূ করতে হবে।

### **English**

Anas bin Malik narrated:

"The companions of Allah's Messenger would sleep, then stand to pray, They would not perform Wudu."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন